# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৮৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. দ্বিতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

## আরবী

وَعَنْ أَوْسِ بْنِ أَوْسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ غَسَّلَ يَوْمَ الْجُمُعَةِ وَاغْتَسَلَ وَبَكَّرَ وَابْتَكَرَ وَمَشَى وَلَمْ يَرْكَبْ وَدَنَا مِنَ الْإِمَامِ وَاسْتَمَعَ وَلَمْ يَلْغُ كَانَ لَهُ بِكُلِّ خُطْوَةٍ عَمَلُ سَنَةٍ: أَجْرُ صِيَامِهَا وَقِيَامِهَا . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ

## বাংলা

১৩৮৮-[৮] আওস ইবনু আওস (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জুমু’আর দিনে পোশাক-পরিচ্ছদ ধুইবে ও নিজে গোসল করবে। এরপর সকাল সকাল প্রস্তুত হবে। সওয়ার না হয়ে পায়ে হেঁটে আগে মসজিদে যাবে। ইমামের নিকট গিয়ে বসবে। চুপচাপ ইমামের খুতবাহ্ শুনবে। বেহুদা কাজ করবে না। তার প্রতি কদমে এক বছরের ’আমলের সাওয়াব হবে। অর্থাৎ এক বছরের দিনের সিয়াম ও রাতের সালাতের ’আমলের পরিমাণ সাওয়াব হবে। (তিরমিযী, আবূ দাঊদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৪৫, ইবনু মাজাহ্ ১০৮৭, ইবনু আবী শায়বাহ্ ৪৯৯০, ইবনুর হিব্বান ২৭৮১, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৮৭৮, শারহুস্ সুন্নাহ্ ১০৬৫, সহীহ আত্ তারগীব ৬৯০, সহীহ আল জামি‘ ৬৪০৫, নাসায়ী ১৩৮১, ১৩৮৪, আহমাদ ১৬১৭৩, আত্ তিরমিযী ৪৯৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ غَسَّلَ يَوْمَ الْجُمُعَةِ وَاغْتَسَلَ) এখানে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (غَسْلَ) শব্দটি তাশদীদ যোগে (غَسَّلَ) ও তাশদীদ ছাড়াও (غَسَلَ) পড়া যায়।

আর তাশদীদ যোগে পড়লে তার অর্থ হবে সালাতে গমন করার পূর্বে স্ত্রী কিংবা দাসীর সাথে সঙ্গম করা যাতে

নিজ আত্মাকে আয়ত্ব ও চলার পথে দৃষ্টিশক্তিকে কুপ্রভাব থেকে মুক্ত রাখতে পারে। (من غَسَّلَ امرأته إذا جامعها) অর্থাৎ যে ব্যক্তি তার স্ত্রীকে গোসল করালো যখন তার সাথে সঙ্গম করল এবং এ কথার সমর্থনে হাদীস রয়েছে যে, তোমাদের কেউ কি জুমু‘আর দিনে তার স্ত্রীর সাথে সঙ্গম করতে সক্ষম? কারণ তার জন্য দু’টি প্রতিদান। ১টি গোসলের ও ২য়টি তার স্ত্রীর। বায়হাক্বী শু‘আবুল ঈমানে আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেছেন। আবার কেউ বলেছেনঃ (غسل) এর অর্থ হলো মাথা ধৌত করা এবং (اغْتَسَلَ) এর অর্থ পূর্ণ শরীর ধৌত করা এবং এর সমর্থনে আহমাদ ও আবূ দাঊদের বর্ণনায় রয়েছেঃ যে জুমু‘আর দিনে তার মাথা ধৌত করবে এবং নিজে গোসল করবে..... এবং বুখারীর বর্ণনায় রয়েছে, আহমাদ ও ইবনু খুযায়মায় বিশুদ্ধ সানাদে রয়েছে যে, তাউস (রহঃ) বলেনঃ আমি ইবনু ‘আব্বাস (রাঃ)-কে বললামঃ

زعموا أن رسول الله ـ ﷺ ـ قال: اغتسلوا يوم الجمعة واغسلوا رؤسكم وإن لم تكونوا جنباً.

তারা ধারণা করে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা জুমু‘আর দিনে গোসল করো ও মাথা ধৌত করো যদিও তোমরা নাপাকী না হয়ে থাকো। (وبكر) প্রসিদ্ধ বর্ণনায় শব্দটি তাশদীদ যুক্ত তবে তাশদীদ ছাড়াও পড়া জায়িয রয়েছে। অর্থ হলো প্রথম সময়ে গমন করা। (وابتكر) কেউ বলেছেন, উভয় শব্দের অর্থ এক ও অভিন্ন। তবে এটি বারবার উল্লেখ করা হয়েছে দৃঢ়তা ও আধিক্য অর্থ বুঝানোর জন্য, কাজে শব্দদ্বয়ের মধ্য কোন বৈপরীত্য নেই। তবে অগ্রগণ্য কথা হলো আল্লামা ‘ইরাক্বী (রহঃ) যা বলেছেন। অর্থাৎ (بكر) অর্থ হলো প্রথম সময়ে গমন করা, আর (ابتكر) অর্থ হলো খুতবার শুরু পাওয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55948

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন